শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.২২.০০১.২১-২৭৮ তারিখ: ২২/০২/২০২৩ খ্রি.

**বিষয়: জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র এবং ফি সম্পর্কে জনগণকে অবহিতকরণ।**

দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশন এবং বিদেশে বাংলাদেশ দূতাবাসমূহের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অনলাইনে সম্পন্ন হচ্ছে। জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র এবং ফি সম্পর্কে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮-তে উল্লেখ করা হয়েছে। কিন্তু, কোন কোন জন্ম ও মৃত্যু নিবন্ধক কার্যালয়ে এ সংক্রান্ত তথ্য প্রকাশ্য স্থানে প্রদর্শিত না থাকায় অনেক আবেদনকারীকে বিড়ম্বনায় পড়তে হয়। ইহার প্রতিকার দরকার।

০২। বর্ণিত অবস্থায়, তাঁর অধিক্ষেত্রের প্রতিটি জন্ম ও মৃত্যু নিবন্ধক কার্যালয়ের সামনে দৃশ্যমান স্থানে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র এবং ফি সংক্রান্ত তথ্যাদি (কপি সংযুক্ত) প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

২২/০২/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@lgd.gov.bd

**বিতরণ**: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। প্রধান নির্বাহী কর্মকর্তা.....................সিটি কর্পোরেশন (সকল)।
২। মহাপরিচালক, কনস্যুলার এবং ওয়েলফেয়ার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়।
২। জেলা প্রশাসক...........................(সকল)।
৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার...........................(সকল)।

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়।

# জন্ম ও মৃত্যু নিবন্ধন ফিসের হার

| ক্রমিক নং | বাবদ | ফিসের হার | |
|---|---|---|---|
| | | দেশে | বিদেশে |
| ১। | জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন | বিনা ফিসে | বিনা ফিসে |
| ২। | জন্ম বা মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর হইতে ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে) | ২৫/- টাকা | ১ মার্কিন ডলার |
| ৩। | জন্ম বা মৃত্যুর ৫ (পাঁচ) বৎসর পর হইতে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধন (সাকুল্যে) | ৫০/- টাকা | ১ মার্কিন ডলার |
| ৪। | তথ্য সংশোধনের জন্য আবেদন ফি | ১০০/- টাকা | ২ মার্কিন ডলার |
| ৫। | জন্ম তারিখ ব্যতীত নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা ইত্যাদি অন্যান্য তথ্য সংশোধনের জন্য আবেদন ফি | ৫০/- টাকা | ১ মার্কিন ডলার |
| ৬। | বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মূল সনদ বা তথ্য সংশোধনের পর সনদের কপি সরবরাহ | বিনা ফিসে | বিনা ফিসে |
| ৭। | বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সনদের নকল সরবরাহ | ৫০/- টাকা | ১ মার্কিন ডলার |

# জন্ম নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র

(ক) ব্যক্তির জন্মের ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে দাখিলকৃত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত প্রমাণাদি সংযুক্ত করতে হবে:

(অ) জন্মস্থান ও জন্ম তারিখের প্রমাণ হিসাবে সংশ্লিষ্ট **চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র** বা উক্ত প্রতিষ্ঠান হতে প্রাপ্ত **জন্ম সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি** অথবা **বার্থ এটেন্ডেন্ট এর প্রত্যয়ন** বা **অন্য কোন প্রমাণপত্র**;

এবং

(আ) ব্যক্তির স্থায়ী ঠিকানার প্রমাণ হিসাবে পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর **জন্ম নিবন্ধন সনদ** বা **জাতীয় পরিচয়পত্র** বা **পাসপোর্ট** বা **অন্য কোন প্রমাণপত্র;** অথবা

নিবন্ধনাধীন ব্যক্তির নিজের বা পিতা বা মাতা বা পিতামহ বা পিতামহীর দ্বারা স্বনামে স্থায়ী ঠিকানা হিসাবে ঘোষিত আবাসস্থলের বিপরীতে হালনাগাদ **কর পরিশোধের প্রমাণপত্র;** এবং

নিবন্ধনাধীন ব্যক্তির পিতা ও মাতার **জন্ম নিবন্ধন সনদ** অথবা **জাতীয় পরিচয়পত্র।**

(খ) ব্যক্তির জন্মের ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পরে দাখিলকৃত আবেদনপত্রের সাথে উপর্যুক্ত দলিলাদি ছাড়াও নিম্নলিখিত প্রমাণাদি সংযুক্ত করতে হবে:

(অ) জন্মের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে আবেদন করলে যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রে **ইপিআই কর্মীর প্রত্যয়ন** অথবা **ইপিআই কার্ডের অনুলিপি**;

(আ) জন্মের ৫ (পাঁচ) বৎসর পর আবেদন করলে বয়স প্রমাণের জন্য উপযুক্ত **চিকিৎসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন** পত্র; অথবা

(ই) সরকার কর্তৃক পরিচালিত **প্রাথমিক শিক্ষা সমাপনী, জুনিয়র স্কুল সার্টিফিকেট** এবং শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত **মাধ্যমিক স্কুল সার্টিফিকেট** বা অনুরূপ পরীক্ষার শিক্ষাগত সনদপত্র।

# মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র

ব্যক্তির মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে দাখিলকৃত আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত এক বা একাধিক প্রত্যয়ন বা কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) সংশ্লিষ্ট চিকিৎসা প্রতিষ্ঠান বা চিকিৎসক কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন পত্র; অথবা

(খ) সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মীর প্রত্যয়ন পত্র; অথবা

(গ) মৃত ব্যক্তির ময়না তদন্ত প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি; অথবা

(ঘ) সংশ্লিষ্ট সমাধি বা সৎকারস্থলের কেয়ারটেকার কর্তৃক প্রদত্ত দাফন বা সৎকার রসিদের অনুলিপি; অথবা

(ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সদস্য বা পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর বা ক্যান্টনমেন্ট বোর্ডের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার কর্তৃক প্রদত্ত মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন পত্র; অথবা

(চ) মৃত ব্যক্তির জানাযা সম্পন্নকারী ইমাম এবং অন্যান্য ধর্মের ক্ষেত্রে পুরোহিত বা সৎকার (অন্ত্যেষ্টিক্রিয়া) সম্পন্নকারী কর্তৃক মৃত্যু সংক্রান্ত প্রত্যয়ন পত্র;

(ছ) (ক) হতে (চ) তে বর্ণিত প্রত্যয়ন পত্র পাওয়া সম্ভব না হলে, সেক্ষেত্রে নিবন্ধক যেরূপ প্রয়োজন মনে করেন মৃত্যু সংক্রান্ত সেরূপ অন্য কোন কাগজপত্রাদির অনুলিপি;

(জ) মৃত ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ; এবং

(ঝ) মৃত্যু নিবন্ধনের জন্য আবেদনকারী ব্যক্তির জন্ম নিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্রের কপি।

** ব্যক্তির মৃত্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পর দাখিলকৃত আবেদনপত্রের সাথে উপর্যুক্ত প্রত্যয়ন বা কাগজপত্রাদি ছাড়াও বিলম্বের কারণ সম্বলিত ব্যাখ্যা দাখিল করতে হবে।